

ভোবের কাগজ

ভোবের কাগজ

9-APR-2023
১৩ ২৪

বাণিজ্যিক ভিত্তিতে টাবিতে সাহ্যিকালীন কোর্স চালুর প্রতিবাদে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে বাণিজ্যিক ভিত্তিতে সাহ্যিকালীন এমএসএস প্রিলিমিনারি মাস্টার্স কোর্স চালু করার সিদ্ধান্তের প্রতিবাদে ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা আন্দোলনে নেমেছে। তারা এই সিদ্ধান্ত বাতিলের প্রতিবাদে গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পুরনো মিল্লি সমাবেশ ও উপচার্য বরাবর স্মারকলিপি পেশ করেছে। এ ছাড়া তারা এই সিদ্ধান্তের প্রতিবাদে ইনস্টিটিউটের প্রায় ৪০০ ছাত্রছাত্রীর স্বাক্ষর সংগ্রহ করেছে।

গতকাল সকালে সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সভায় এমএসএস প্রিলিমিনারি মাস্টার্স সাহ্যিকালীন কোর্স চালু করার সিদ্ধান্তের প্রতিবাদে ইনস্টিটিউটে জড়ো হয়। পরে সেখান থেকে ব্যানার ও ফেস্টন সহকারে ছাত্রছাত্রীরা একটি বিক্ষোভ মিছিল নিয়ে কলাভবনে এসে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাহ্নে বাংলাদেশ পাদদেশে এক সমাবেশ করে। সমাবেশে ছাত্রছাত্রীরা সাহ্যিকালীন কোর্স চালুকরণের প্রতিবাদে বক্তব্য দাবি জানায়। শিক্ষকদের তত্ত্ব মত্রে বাণিজ্যিক কারণে এই কোর্স চালু করার উদ্যোগ নিয়েছে বলে সমাবেশে ছাত্রছাত্রীরা অভিযোগ করেন। তারা বলেন, সাহ্যিকালীন কোর্সের ভর্তির জন্য মোটা অর্থ নেওয়ার মধ্য দিয়ে পরিচ ও মেধাবী ছাত্রের ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে। ছাত্রছাত্রীরা বলেন, জীবন দেখো তুর সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে বাণিজ্যিক ভিত্তিতে কোর্স চালু করতে দেবেন। আন্দোলনরত ছাত্রছাত্রীদের সঙ্গে আইন ও সমাজ বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীরা একাত্মতা প্রকাশ করে কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রতিবাদ জানায়। সমাবেশে বক্তব্য রাখেন সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্র জাকির, জয়, সুমন, আহিদ, ফিরোজ প্রমুখ।

সমাবেশ শেষে ছাত্রছাত্রীরা সাহ্যিকালীন কোর্স চালুর প্রতিবাদে বক্তব্য দাবি জানায়। উপচার্য আধ্যাপক এস এম এ ফায়েজ বরাবর স্মারকলিপি প্রদান করে।